

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 13-10-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

School UPI Payment:

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির স্কুলগুলিতে ভর্তি এবং পরীক্ষার ফি সংগ্রহের জন্য ইউনিফাইড পেমেন্ট ইন্টারফেস (ইউপিআই)সুবিধা গ্রহণ করার অনুরোধ জানিয়েছে। প্রশাসনিক প্রতিক্রিয়ার আধুনিকীকরণ এবং অভিভাবক ও শিক্ষার্থীদের সুবিধার্থে এই পদক্ষেপ। রাজ্য, কেন্দ্রশাসিত অঞ্চল এবং NCERT, CBSE, KVS, এবং NVS-এর মতো স্বায়ত্ত্বশাসিত সংস্থাগুলির উদ্দেশ্যে এক চিঠিতে, স্কুলে আর্থিক লেনদেন করার জন্য UPI, মোবাইল ওয়ালেট এবং নেট ব্যাঙ্কিংয়ের মতো ডিজিটাল পেমেন্ট প্ল্যাটফর্মগুলির সুবিধার উপর জোর দিয়েছে।

মন্ত্রক বলেছে, নগদের পরিবর্তে ডিজিটাল অর্থ লেনদেন স্কুল প্রশাসনকে আধুনিক করবে এবং ২০৪৭ সালের মধ্যে জনগণকেন্দ্রিক, ডিজিটাল দেশ গঠনে সরকারের লক্ষ্য অর্জন সম্ভব করে তুলবে।

PM & HM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ রাজমাতা বিজয়রাজে সিক্ষিয়ার জন্মবার্ষিকীতে গতকাল শুন্দা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায়, প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, সমাজের সেবা করার জন্য তাঁর প্রয়াস কখনই ভোলা যাবে না। তিনি উল্লেখ করেন, রাজমাতা জনসংঘ এবং বিজেপিকে শক্তিশালী করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন

করেছিলেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, রাজমাতা বিজয়ারাজে সিক্রিয়া সংগঠন সম্প্রসারণ এবং জনসাধারণের মধ্যে জনপ্রিয় করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন।

Joint military exercise:

ভারত-অস্ট্রেলিয়া যৌথ সামরিক মহড়া AUSTRAHIND 2025-এর চতুর্থ সংস্করণ আজ অস্ট্রেলিয়ার পার্থে শুরু হচ্ছে। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, ভারতীয় সেনার ১২০ জনের ভারতীয় দল যৌথ সামরিক মহড়ায় যোগ দিচ্ছে। মন্ত্রক জানিয়েছে, এই মহড়ার লক্ষ্য সামরিক সহযোগিতা বৃদ্ধি, আন্তঃ-সমন্বয় উন্নত করা, নগর বা শহরতলীতে যুদ্ধের কোশল এবং পদ্ধতি বিনিময় করেন। এই অনুশীলন ভারত ও অস্ট্রেলিয়ার সেনা সহযোগিতা এবং বন্ধুত্বকে আরও জোরদার করবে।

Cibar Dan:

রাজ্যের বুদ্ধি মন্দিরগুলিতে আজ কঠিন চীবর দান উৎসব পালিত হয়। এই উৎসবে মূলত বৌদ্ধ ভিক্ষুদের ত্রি-চীবর নামে বিশেষ পোশাক দান করা হয়। আগরতলার বেনুবন বুদ্ধ বিহারে অনুষ্ঠিত হচ্ছে মহা কঠিন চীবর দান উৎসব। এদিন মহা চীবর দান উপলক্ষ্যে বিশেষ প্রার্থনা ও পূজার্চনা অনুষ্ঠিত হয়।

Army Conclave:

ভারতীয় সেনাবাহিনী জাতিসংঘের শান্তি রক্ষা বাহিনীতে অংশগ্রহণকারী দেশগুলোর (UNTCC) সামরিক প্রধানদের কনক্লেভের আয়োজন করবে।

আগামীকাল ১৪ অক্টোবর থেকে নতুন দিল্লিতে তিনদিনের কনক্লেভ অনুষ্ঠিত হবে। কনক্লেভে জাতিসংঘ শান্তিরক্ষা কর্মসূচীতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী ৩২টি দেশের উচ্চপদস্থ সামরিক নেতৃত্ব অংশ নেবেন প্রতিনিধিরা আজ নতুন দিল্লীতে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে।

গাঞ্চী শিল্প মেলা:

আগরতলা পূর্বাশা আরবান হাটে ৭ দিন ব্যাপী জেলা স্তরে গাঞ্চী শিল্প মেলার গতকাল আনুষ্ঠানিক উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জেলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। এই মেলায় ত্রিপুরা সহ আসাম, নাগাল্যান্ড ও মেঘালয়ের মোট ৪০ জন শিল্পী ও বয়নশিল্পী অংশগ্রহণ করেছেন। ৪০টি স্টলের মধ্যে ৩২টি হস্তশিল্প পণ্যের জন্য এবং ৮টি হান্ডলুম পণ্যের জন্য বরাদ্দ করা হয়েছে।

Union Science and Technology Minister-IMD:

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডাঃ জিতেন্দ্র সিং, ভারতীয় আবহাওয়া বিভাগ আইএমডি-র তৈরি ওয়েব-জিআইএস-ভিত্তিক মাল্টি-হাজার্ড আর্লি ওয়ার্নিং ডিসিশন সাপোর্ট সিস্টেম-ডিএসএস-এর প্রশংসা করেছেন। এই উন্নাবন প্রায় আড়াইশো কোটি টাকা সাম্প্রয় করেছে এবং বিদেশী বিক্রেতাদের উপর নির্ভরতার অবসান ঘটিয়েছে। নয়াদিল্লিতে আইএমডি সদর দপ্তর পরিদর্শনের সময় গতকাল কেন্দ্রীয় মন্ত্রী অভ্যন্তরীণ প্রযুক্তি নির্ভর পূর্বাভাস ব্যবস্থা পর্যালোচনা করেন। ডাঃ সিং একাধিক ভারতীয় ভাষায় আবহাওয়ার আপডেট সরবরাহকারী জনগণ-কেন্দ্রিক হাইপারলোকাল পূর্বাভাস প্ল্যাটফর্ম, মোসম

গ্রামও পর্যালোচনা করেন। তিনি বলেন, এই উদ্যোগটি পূর্বাভাসের নির্ভুলতা ১৫ থেকে ২০ শতাংশ বাড়িয়েছে, পূর্বাভাস প্রস্তুতির সময় তিনি ঘন্টা কমিয়েছে এবং পূর্বাভাসের সময়কাল পাঁচ থেকে সাত দিন বাড়িয়েছে।

Prasar Bharati Chairman -ICAI :

প্রসার ভারতীর চেয়ারম্যান ডঃ নবনীত কুমার সেহগল বলেছেন, ভারতের ত্রুটিমান অর্থনীতি গোটা বিশ্বে নতুন সম্মান অর্জন করছে। গোয়ায় আইসিএআই সদস্যদের পাবলিক সার্ভিসের আবাসিক সম্মেলনে গতকাল তিনি একথা বলেন |ডঃ সেহগল উল্লেখ করেন, বিশ্বের বৃহত্তম অর্থনীতির দেশ ভারত, প্রায় ৬.৮ থেকে ৭ শতাংশ হারে প্রবৃদ্ধি অর্জন করে চলেছে – যা অন্য কোনও বৃহৎ অর্থনীতির তুলনায় অনেকটাই বেশি |তিনি আরও বলেন, ভারত সম্পর্কে বিশ্বব্যাপী ধারণা দ্রুত পরিবর্তিত হচ্ছে এবং বিদেশের মানুষ এখন দেশটিকে আরও বেশি প্রশংসা ও শুন্দার চোখে দেখে। নভোটেল গোয়া রিসোর্টে অনুষ্ঠিত এই মতামত বিনিময় মূলক সম্মেলনে "২০৪৭ সালে ভিকসিত ভারতের ভাবনা বাস্তবায়নে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টদের ভূমিকা" শীর্ষক আলোচনার আয়োজন করা হয়েছিল।

Taliban:

তালেবান মুখ্যপাত্র জাবিহল্লাহ মুজাহিদ জানিয়েছেন, তালেবান বাহিনীর হামলায় বেহরামপুর জেলার ডুরান্ড লাইনের কাছে কমপক্ষে ৫৮ জন পাকিস্তানি সেনা নিহত এবং ৩০ জনেরও বেশি আহত হয়েছে। কাবুলে গতকাল সাংবাদিক সম্মেলনে তিনি, ইসলামাবাদকে পাকিস্তানে লুকিয়ে থাকা সন্ত্রাসবাদীদের বের করে দিতে বলেছেন। তিনি বলেন, আফগানিস্তানের আকাশ ও স্তর সীমান্ত

রক্ষার অধিকার তালিবানদের রয়েছে। কেউ তালেবানের বিরুদ্ধে আগ্রাসন বা আকাশসীমা লঞ্চ করলে তাদের কঠোর জবাব দেওয়া হবে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎসহ দু এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে তবে কোনও সতর্কবার্তা নেই। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।
